# ।।বিয়ে ক্যা-নন্দ।।

বিয়ে ক্যা-নন্দ!
তুই বড় মন্দ
শ্রাবণের ধারা কহে রিমঝিম।

বরষার এই সাঁঝে
ল্যাবে তুই কোন কাজে?
ঘরেতে বুঁচকি একা হিমসিম!

বাদলের ঘনঘটা
এমন এসেছে কটা?
শুরু হবে আজ ঘোর বরষণ।

আকুল করবী কহে
বিলম্ব নাহি সহে
মাতাল বাতাস বহে সন্‌সন্‌।

বিজন ঘরের কোণে
পথ চেয়ে দিন গোণে
প্রদীপের শিখাটুকু থরথর।

আজ কি রে তোর শালা
মনে নেই কোন জ্বালা?
ল্যাবেতেই বসে তবে পচে মর!

কলকাতা, ১৮ই সেপ্টেম্বর, ২000।।